পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
আইএমইডি
পরিকল্পনা মন্ত্রণালয়

বিষয়ঃ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কার্যক্রম অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) অনুযায়ী পরিচালিত হয়ে আসছে। জানুয়ারি ২০২২ হতে মার্চ, ২০২২ পর্যন্ত সময়ে ওয়েবসাইটের মাধ্যমে কোন অভিযোগ পাওয়া যায়নি। উক্ত সময়ে ইত:পূর্বে প্রাপ্ত ০১টি অভিযোগ বিধি মোতাবেক নিষ্পত্তি করা হয়েছে। অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন বিধি মোতাবেক পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ এবং আইএমইডি'র ওয়েবসাইটে যথারীতি আপলোড করা হচ্ছে।

০২। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপীল কর্মকর্তার তথ্য ওয়েব সাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণের নির্দেশনার প্রেক্ষিতে গত ৩০/৯/২০২১ তারিখে ২১.০০.০০০০.০২২.৯৯.০১৬.১৮-৩৪২ নং স্মারকে অফিস আদেশ জারী করা হয়েছে এবং ৩১ মার্চ, ২০২২ তারিখ সর্বশেষ ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে।

০৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জি.আর.এস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রতি ত্রৈমাসিকে ০১টি করে করার বিধান রয়েছে। সে অনুযায়ী ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকের প্রশিক্ষণটি শীঘ্রই আয়োজন করা হবে।

০৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে বছরে ০২টি সভা অনুষ্ঠানের নির্দেশনা রয়েছে। অদ্যাবধি অংশীজনের অংশগ্রহণে সভা করা হয় নাই। তবে শীঘ্রই অংশীজনের সমন্বয়ে অবহিতকরণ সভার কর্মপরিকল্পনা করা হয়েছে।

০৫। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা (বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২) অনুযায়ী এ বিভাগে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে।

৪/৪/২০২২

(আবদুল্লাহ আল মামুন)
মহাপরিচালক
ও
ফোকাল পয়েন্ট
অফিস নিষ্পত্তি কর্মকর্তা

সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

৪/৪/২২

ইউও নোট নং-২১.০০.০০০০.৪৫৬.২৭.০০১.১৮-২১৭

তারিখঃ ৪-৪-২০২২ খ্রি: